

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

এস্টাবলিশমেন্ট অব “ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)” প্রকল্প

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত) ঢাকা-১২০৫

web: www.banbeis.gov.bd, email: crvs_ieims@banbeis.gov.bd

স্মারক নং ৩৭.২০.০০০০.০০৫.১৪.০৫৯.১৮/IEIMS-পাট-১ ২০২৪

তারিখ: ০৩ মাঘ ১৪৩০
১৭ জানুয়ারি ২০২৪

বিষয়: CRVS ব্যবস্থার আলোকে UID প্রদান সংক্রান্ত শিক্ষার্থী প্রোফাইল Update ও তথ্য হালনাগাদ।

উপর্যুক্ত বিষয়ে ব্যানবেইস কর্তৃক বাস্তবায়নাধীন এস্টাবলিশমেন্ট অব “ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)” প্রকল্পের আওতায় CRVS ব্যবস্থার আলোকে মাধ্যমিক পর্যায়ের (ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণি) শিক্ষার্থীদের শিক্ষার্থী প্রোফাইল তৈরি ও ইউনিক আইডি প্রদান কার্যক্রমে আপনার উপজেলাধীন শিক্ষা প্রতিষ্ঠান পর্যায় হতে এন্ট্রিকৃত শিক্ষার্থী প্রোফাইলে শিক্ষার্থীর ছবি, বর্তমান শ্রেণি, বর্তমান ঠিকানা, এবং এক প্রতিষ্ঠান থেকে অন্য শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের (৬ষ্ঠ-১২শ নিয়মিত) তথ্য Software এ Update Option চালু করা হয়েছে। শিক্ষার্থীদের তথ্য Update এর জন্য প্রস্তুতকৃত ম্যানুয়াল CRVS সংক্রান্ত Software এ যুক্ত করা হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়াও শিক্ষার্থী প্রোফাইল আপডেট সংক্রান্ত নির্দেশিকা ব্যানবেইস এর ওয়েব সাইটে “IEIMS Menu” তে পাওয়া যাবে।

২। এমতাবস্থায়, শিক্ষার্থীদের প্রোফাইল Update সংক্রান্ত নির্দেশিকা আপনার উপজেলাধীন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ পূর্বক শিক্ষার্থীদের প্রোফাইল Update করার নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য খুব শীঘ্রই শিক্ষার্থীদের UID Card/Edu ID Card সরবরাহ করা হবে।

বিষয়টি অতীব জরুরী।

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা।


(প্রফেসর মো: শামছুল আলম)
প্রকল্প পরিচালক
IEIMS প্রকল্প
ফোন- ৪১০৬০৭৪৫
pdieims@banbeis.gov.bd

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২. মহাপরিচালক, ব্যানবেইস;
৩. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা;
৪. সহকারি প্রোগ্রামার, UITRCE সকল;
৫. অফিস নথি।